



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax- 8189029

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- ৩২২

তারিখঃ ২৬/০১/২০১৬ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ মোবাইল সার্ভিসিং বিষয়ক ৩০ দিন মেয়াদী প্রশিক্ষণের জন্য আত্মহী সুফলভোগীর নামের তালিকা প্রেরণ।


বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” প্রকল্পভূক্ত উপজেলায় সুফলভোগী গ্রামীণ নারীদের আইজিএ ভিত্তিক বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রয়েছে। বর্তমান চাহিদার প্রেক্ষাপটে দেশের মোবাইল সার্ভিসিং বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত নারীদের আত্মকর্মসংস্থানের নতুন সুযোগ সৃষ্টি হয়েছে। সুফলভোগী নারীদের বৈচিত্র্যপূর্ণ এবং লাভজনক পেশায় সম্পৃক্ত করে আত্মনির্ভরশীল করার লক্ষ্যে মোবাইল সার্ভিসিং বিষয়ক ৩০ (ত্রিশ) দিন মেয়াদী আবাসিক প্রশিক্ষণ কোর্স বাপার্ড, কোটালীপাড়া, গোপালগঞ্জে আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রশিক্ষণ প্রাপ্ত সুফলভোগীদের প্রশিক্ষণোত্তর ঋণ সহায়তা প্রদানের মাধ্যমে সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো’র সহায়তায় প্রকল্পভূক্ত প্রতিটি ইউনিয়নে কমপক্ষে ০১ টি করে মোবাইল সার্ভিসিং সেন্টার স্থাপন করা হবে-যেখানে সংশ্লিষ্ট অন্যান্য সেবা (বিকাশ, মোবাইল ব্যাংকিং, মোবাইল লোডিং, কুরিয়ার সার্ভিস ইত্যাদি) প্রদানের সুযোগ থাকবে।

এমতাবস্থায়, উপজেলায় সংশ্লিষ্ট মহিলা সমিতি’র ব্যবস্থাপনা কমিটি এবং উপজেলা নির্বাহী অফিসারকে সম্পৃক্ত রেখে প্রতি ইউনিয়ন হতে ০১ জন করে মোট ০৪ জন নিম্নোক্ত যোগ্যতা সম্পন্ন আত্মহী সুফলভোগীর তালিকা প্রনয়ণ করতঃ (সংযুক্ত ছক মোতাবেক) আগামী ১৫/২/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে আবশ্যিক ভাবে প্রকল্প সদর দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। কোন উপজেলা হতে সুফলভোগীর তালিকা পাওয়া না গেলে তা সংশ্লিষ্ট সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তার দায়িত্ব অবহেলা হিসেবে গণ্য করে তাকে অন্য বিভাগে শাস্তিমূলক বদলি করা হবে।

- ❖ শিক্ষাগত যোগ্যতা-কমপক্ষে এস.এস.সি পাশ হতে হবে;
- ❖ সুফলভোগী নারীদের বয়স ২০-৩৫ এর মধ্যে হতে হবে;
- ❖ বাপার্ড, কোটালীপাড়া, গোপালগঞ্জে ৩০ দিন অবস্থান করার বিষয়ে বৈধ অভিভাবকের অনুমতি থাকতে হবে;
- ❖ মোবাইল সার্ভিসিং সেন্টার স্থাপন ও পরিচালনার যোগ্যতা ও আত্মহ থাকতে হবে;
- ❖ বৈচিত্র্যপূর্ণ এবং চ্যালেঞ্জিং পেশা গ্রহণের আত্মহ থাকতে হবে।

বিষয়টি অতীব জরুরী।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,
-----উপজেলা,
-----জেলা।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। উপপরিচালক, বিআরডিবি, ----- জেলা।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৩। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৪। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----।
- ৬। অফিস কপি।




বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমাধিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
উপজেলা-----জেলা-----।

মোবাইল সার্ভিসিং বিষয়ক প্রশিক্ষণে অগ্রহী সদস্যদের তালিকা :

| ক্রমিক নং | সদস্যের নাম ও আইডি নং | সমিতির নাম | ইউনিয়নের নাম | সদস্যত্বজির তারিখ | শিক্ষণত যোগ্যতা | জন্ম তারিখ | ০১/০১/২০১৬ তারিখে বয়স | মোবাইল নং (নিজের/পরিবারের) |
|--------------|-----------------------|------------|---------------|----------------------|--------------------|------------|---------------------------|-------------------------------|
| ০১ | | | | | | | | |
| ০২ | | | | | | | | |
| ০৩ | | | | | | | | |
| ০৪ | | | | | | | | |

সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা


সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা